

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৩২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকু ও সাজদার মাধ্যমে সালাত আদায়কারীর গোনাহসমূহ ঝরে পড়ে

ذِكْرُ تَسَّاقَطِ الْخَطَايَا عَنِ الْمُصلِّي بِرُكُوعِهِ وَسُجُودِهِ

## আরবী

1732 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمِ حَدَّثَنَا الْوَلِيدُ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ هِشَامٍ الْمُعَيْطِيُّ حَدَّثَنِي مَعْدَانُ بْنُ أَبِي طَلْحَةَ الْيَعْمُرِيُّ قَالَ: لَقِيتُ ثَوْبَانَ مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ لَهُ: حَدَّثْنِي بِحَدِيثٍ عَسَى اللَّهُ أَنْ يَنْفَعَنِي مَوْلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ لَهُ: حَدَّثْنِي بِحَدِيثٍ عَسَى اللَّهُ أَنْ يَنْفَعَنِي بِهِ فَقَالَ: عَلَيْكَ بِالسُّجُودِ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: (ما من عَبْدٍ يَسْجُدُ لِلَّهِ سَجْدَةً إِلَّا رَفَعَ اللَّهُ لَهُ بِهَا دَرَجَةً وَحَطَّ عَنْهُ بِهَا خَطِيئَةً) قَالَ مَعْدَانُ: ثُمَّ عَبْدٍ يَسْجُدُ لِلَّهِ سَجْدَةً إِلَّا رَفَعَ اللَّهُ لَهُ بِهَا دَرَجَةً وَحَطَّ عَنْهُ بِهَا خَطِيئَةً) قَالَ مَعْدَانُ: ثُمَّ لَقِيتُ أَبَا الدَّرْدَاءِ فَسَأَلْتُهُ فَقَالَ لِي مثلَ ذلك

الراوي : مَعْدَانُ بْنُ أَبِي طَلْحَةَ الْيَعْمُرِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1732 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (457)، ((تمام المنة)) (ص 235).

## বাংলা

১৭৩২. মা'দান বিন তালহা আল ইয়া'মুরী থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আজাদকৃত দাস সাওবান উমার রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে সাক্ষাৎ করলাম, অতঃপর তাকে বললাম, "আপনি আমাকে একটি হাদীস বর্ণনা করুন, হয়তো মহান আল্লাহ আমাকে তার মাধ্যমে উপকৃত করবেন। তখন তিনি বলেন, "তোমার জন্য আবশ্যক হলো সাজদা করা। কেননা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "যে কোন বান্দা আল্লাহর জন্য সাজদা করলে, মহান আল্লাহ তার একটি মর্যাদা সমুন্নত করেন এবং তার একটি পাপ মোচন করে দেন।" তারপর আমি আবুদ দারদা রাদ্বিয়াল্লাহু আনহুর সাথে সাক্ষাৎ করে তাকে জিঞ্জেস করলে তিনিও আমাকে অনুরুপ হাদীস বর্ণনা করেন।"[1]



## ফুটনোট

[1] ইবনু মাজাহ: ১৪২৩; মুসনাদ আহমাদ: ৫/২৭৬; সহীহ মুসলিম: ৪৮৮; তিরমিযী: ৩৮৮; নাসাঈ: ২/২৮৮; সহীহ ইবনু খুযাইমাহ: ৩১৬; সুনান বাইহাকী: ২/৪৮৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৮৮; আত তায়ালিসী: ৯৮৬; মুসান্নাফ আন্দুর রায্যাক: ৪৮৪৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (ইরওয়াউল গালীল : ৪৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মা'দান ইবনু তলহাহ আল ইয়া'মুরী (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন